রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

উন্নয়ন-৩ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ৭ শ্রাবণ ১৪২০ বঙ্গাব্দ/২২ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৫-আইন/২০১৩।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের হাইড্রোকার্বন ইউনিটের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;



মূল্য ঃ টাকা ১৬.০০

(চ) **"শিক্ষানবিস"** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "বোর্ড" বা "প্রতিষ্ঠান"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগের পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়;

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বর্হিভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরি বা আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত বা বিধিবদ্ধ সংস্থার চাকুরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে;

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি বা প্রথম শ্রেণি এবং দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরির প্রয়োজনীয় বৃত্তান্ত বা বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হইতে ০১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে;

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ০২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরিতে স্থায়ী করিবে, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তবে শর্ত থাকে যে, পঞ্চাশোর্ধ বয়সের কর্মকর্তা বা কর্মচারীগণের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

## তফসিল

[বিধি ২(খ) এবং ৩(১) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মহাপরিচালক | অনূর্ধ্ব ৫০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিচালক পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ হাইড্রোকার্বন ইউনিটে প্রথম শ্রেণির পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রী;<br>(খ) এনার্জি সেক্টরে অন্যূন ২০ (বিশ) বৎসরের পেশাগত ও প্রশাসনিক/ব্যবস্থাপনার অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) কারিগরি, আর্থিক ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) সরকারের জ্বালানী নীতিমালাসহ অন্যান্য আনুষঙ্গিক নীতি সম্পর্কে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে:**<br>সরকারের জ্বালানী নীতিসহ অন্যান্য আনুষঙ্গিক নীতি সম্পর্কে জ্ঞানসহ তৈল ও গ্যাস সেক্টরে অভিজ্ঞতাসম্পন্ন সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) | অনূর্ধ্ব ৪২ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)/উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ হাইড্রোকার্বন ইউনিটে প্রথম শ্রেণির পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির (সমতুল্য সিজিপিএ) ডিগ্রী;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে অনুসন্ধান ও উৎপাদন কর্মকাণ্ডে অন্যূন ১২ (বার) বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সরকারের জ্বালানী নীতিমালাসহ অন্যান্য আনুষঙ্গিক নীতি সম্পর্কে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে।<br><u>প্রেষণে বদলীর ক্ষেত্রে:</u><br>সরকারের জ্বালানী নীতিসহ অন্যান্য আনুষঙ্গিক নীতি সম্পর্কে জ্ঞানসহ তৈল ও গ্যাস সেক্টরে অভিজ্ঞতাসম্পন্ন সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩) | পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) | অনূর্ধ্ব ৪২ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)/ উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ হাইড্রোকার্বন ইউনিটে প্রথম শ্রেণির পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-তত্ত্ব/ ভূ-পদার্থ/অর্থনীতি/ব্যবসায় প্রশাসন/ ব্যবস্থাপনা/হিসাব বিজ্ঞান/মার্কেটিং/ ফিন্যান্স/ ব্যাংকিং বিষয়ে প্রথম শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর অথবা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রী;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে পর্যাপ্ত অভিজ্ঞতাসহ অন্যূন ১২ (বার) বৎসরের পেশাগত অভিজ্ঞতা যার মধ্যে ব্যবস্থাপনায় অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সরকারের জ্বালানী নীতিমালাসহ অন্যান্য আনুষঙ্গিক নীতি সম্পর্কে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সরকারের জ্বালানী নীতিসহ অন্যান্য আনুষঙ্গিক নীতি সম্পর্কে জ্ঞানসহ তৈল ও গ্যাস সেক্টরে অভিজ্ঞতাসম্পন্ন সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>সহকারী পরিচালক (অনুসন্ধান)/সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রী;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে অনুসন্ধান ও উৎপাদন কর্মকাণ্ডে অন্যূন ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (৫) | উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে ঃ</u><br>সহকারী পরিচালক (মাইনিং)/সহকারী পরিচালক (অপারেশন) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) মাইনিং সেক্টরে অনুসন্ধান ও উৎপাদন কর্মকাণ্ডে অন্যূন ০৭ (সাত) বৎরের অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (৬) | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (পরিকল্পনা)/ সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি;<br>অথবা,<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-তত্ত্ব/পেট্রোলিয়াম বিষয়ে প্রথম শ্রেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) পেট্রেলিয়াম সেক্টরে অন্যূন ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ পেট্রেলিয়াম শোধন, বিতরণ, মূল্য নির্ধারণ, সরবরাহ, সংরক্ষণ, পরিবেশ, নিরাপত্তা, মনিটরিং প্রভৃতি বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (৭) | উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (আইসিটি)/সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে আর্থিক ব্যবস্থাপনা, প্রশাসনিক কর্মকাণ্ডে অন্যূন ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (৮) | সহকারী পরিচালক (অনুসন্ধান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে অনুসন্ধান কর্মকাণ্ডে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (৯) | সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে মজুদ মূল্যায়নসহ অনুসন্ধান ও উৎপাদন কর্মকাণ্ডে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১০) | সহকারী পরিচালক (অপারেশন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১১) | সহকারী পরিচালক (মাইনিং) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোলিয়াম/মাইনিং প্রকৌশলে স্নাতক ডিগ্রি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রী;<br>(খ) মাইনিং সেক্টরে পেশাগত অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১২) | সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন/অর্থনীতি/ব্যবসায় প্রশাসন/ভূ-পদার্থ অথবা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শেণির (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১৩) | সহকারী পরিচালক (পরিকল্পনা) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/ব্যবসায় প্রশাসন/ভূ-পদার্থ/ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১৪) | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে :</u><br>প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) সরকারের আওতাভুক্ত উন্নয়ন প্রকল্পের প্রশাসনিক ও আর্থিক বিষয়ে অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১৫) | সহকারী পরিচালক (আইসিটি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার প্রকৌশলে স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কম্পিউটার বিজ্ঞানে প্রথম শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সমতুল্য সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমা থাকিতে হইবে; এবং<br>(খ) তৈল ও গ্যাস সেক্টরে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৬) | সিনিয়র কম্পিউটার অপারেটর | The Computer personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (১৭) | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসরের স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) প্রশাসনিক/ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থকিতে হইবে। |
| (১৮) | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে :</u><br>সহকারী (হিসাব) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য শাখার যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) সরকারের আওতাভুক্ত উন্নয়ন প্রকল্পের আর্থিক নিয়ম-কানুন সম্পর্কে পর্যাপ্ত জ্ঞানসহ আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১৯) | কম্পিউটার অপারেটর | The Computer personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (২০) | ড্রাইভার | The Gazetted and Non-gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২১) | সহকারী (হিসাব) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য শাখায় উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোজাম্মেল হক খান**
সচিব।

উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd